# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং: চুয়েট/ ভিসি অফিস/ কোঅর্ডিনেশন-১২/ ৫৩০

০৩ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি:।

## ঃ বিজ্ঞপ্তি ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. শুক্রবার, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস নানা আয়োজনে উদ্‌যাপিত হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ আব্দুল মতিন ভূইয়া উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।
এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে উক্ত দিবসে নিম্নোক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

| ক্রমিক | অনুষ্ঠানমালা | তারিখ ও সময়<br>২১/০২/২০২৫ খ্রি. | স্থান |
|---|---|---|---|
| ১. | প্রভাতফেরী | সকাল ৮:২০ ঘটিকা | উত্তর গোল চত্বর থেকে কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট। |
| ২. | জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | সকাল ৮:৩০ ঘটিকা | কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট। |
| ৩ | পুষ্পস্তবক অর্পণ | সকাল ৮:৩৫ ঘটিকা | |
| ৪. | শিক্ষার্থীদের অংশগ্রহণে পোস্টার গ্রাফিতি প্রদর্শন | সকাল ৮:৪০ ঘটিকা | |
| ৫. | আলোচনা অনুষ্ঠান | সকাল ৯:০০ ঘটিকা | |
| ৬ | শহীদদের স্মরণে মিলাদ ও দোয়া মাহফিল | বাদ আছর | কেন্দ্রীয় জামে মসজিদ, চুয়েট। |

### বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য কর্মসূচী

| ক্রমিক | কর্মসূচি | আয়োজক | অনুষ্ঠান/পুরস্কার বিতরণের স্থান |
|---|---|---|---|
| ১. | রচনা প্রতিযোগিতা | ছাত্রকল্যাণ পরিচালক দপ্তর | সুবিধাজনক সময়ে |

### শিশু-কিশোরদের জন্য কর্মসূচী

| ক্রমিক | অনুষ্ঠানমালা | তারিখ ও সময়<br>২১/০২/২০২৫ খ্রি. | স্থান |
|---|---|---|---|
| ১. | "মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস"-এর উপর চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>(গ্রুপ-ক: শিশু শ্রেণী-১ম শ্রেণী, গ্রুপ-খ: ২য় শ্রেণী-৩য় শ্রেণী,<br>গ্রুপ-গ: ৪র্থ শ্রেণী-৫ম শ্রেণী, গ্রুপ-ঘ: ৬ষ্ঠ-৯ম শ্রেণী) | সকাল ১১:০০ টা | চুয়েট ক্লাব মিলনায়তন |
| ২. | "সুন্দর হাতের লেখা" প্রতিযোগিতা<br>(গ্রুপ-ক: শিশু শ্রেণী-১ম শ্রেণী, গ্রুপ-খ: ২য় শ্রেণী-৩য় শ্রেণী) | সকাল ১১:৪০ টা | |
| ৩ | "মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস"-এর উপর ছড়া ও কবিতা আবৃত্তি<br>(গ্রুপ-ক: শিশু শ্রেণী, গ্রুপ-খ: ১ম শ্রেণী-২য় শ্রেণী, গ্রুপ-গ: ৩য় শ্রেণী-৫ম শ্রেণী) | বিকাল ৩:৩০ টা | স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন অনুষ্ঠান মঞ্চ, চুয়েট। |
| ৪. | মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে উপস্থিত বক্তৃতা<br>(গ্রুপ-ক: ৩য়-৪র্থ শ্রেণী, গ্রুপ-খ: ৫ম-৬ষ্ঠ শ্রেণী, গ্রুপ-গ: ৭ম-৯ম শ্রেণী) | বিকাল ৪:০০ টা | |
| ৫ | "মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস"-এর উপর দেশাত্মবোধক গান<br>(গ্রুপ-ক: ৩য়-৪র্থ শ্রেণী, গ্রুপ-খ: ৫ম-৬ষ্ঠ শ্রেণী, গ্রুপ-গ: ৭ম-৯ম শ্রেণী) | বিকাল ৪:৩০ টা | |
| ৬ | পুরস্কার বিতরণী অনুষ্ঠান | বিকাল ৫:০০টা | |

***** অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্তে ২১/০২/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ০৭.২০ ঘটিকায় চট্টগ্রাম পুরাতন রেল স্টেশন থেকে প্রয়োজনীয় সংখ্যক চুয়েটের গাড়ী ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে ক্যাম্পাস থেকে চট্টগ্রাম শহরের উদ্দেশ্যে ছেড়ে যাবে।**

১৬/০২/২০২৫
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
এবং সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
৩। বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, চুয়েট (শহীদ মিনার এবং আশেপাশের এলাকায় সাজসজ্জা ও অলংকরণে থিম কালার হিসেবে লাল, কালো এবং সাদা নিয়ে একটা নির্দিষ্ট থিম ফুটিয়ে তোলার পাশাপাশি গ্রাফিতি, ব্যানার ও পোস্টারে ২৪ এবং ৫২ এর অন্তর্গত দর্শনের মিল ফুটিয়ে তোলার কাজ সম্পাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৪। সভাপতি, মসজিদ পরিচালনা কমিটি, চুয়েট (কেন্দ্রীয় জামে মসজিদে বাদে আছর শহীদদের স্মরণে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৫। পরিচালক, যানবাহন অধিদপ্তর, চুয়েট (শহর থেকে অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক গাড়ির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৬। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী প্রভাত ফেরী চলাকালে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো" গানটি বাজানো, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৭। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (সূর্যোদয়ের সাথে সাথে উপাচার্য অফিস ভবনের সামনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে আলোচনা সভার জন্য সামিয়ানা তৈরি, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে পরিষ্কারকরণ, প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি/ স্টাফ এসোসিয়েশন, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব, চুয়েট।
৯। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত এবং ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
১০। পিএস টু ভিসি, চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১১। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।

১৬/০২/২৫
(মোহাম্মদ ফজলুর রহমান)
উপ-পরিচালক (জনসংযোগ)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।